তারিখ 21 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক বাংলা

৭০

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধ এ মুহূর্তে প্রধান জাতীয় কর্তব্য ঃ মেনন

ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক রাশেদ খান মেনন শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করাকে বর্তমান মুহূর্তের প্রধান জাতীয় কর্তব্য হিসাবে বিবেচনা করা ও এর যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য দেশবাসীর প্রতি আহবান জানিয়েছেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস

(প্রথম পৃঃ পর)

শুক্রবার এক বিবৃতিতে তিনি অভিযোগ করেন যে, সকল মহলের তাগিদ ও সহযোগিতা সত্ত্বেও গত ছয় মাসের শাসনকালে সরকার এ বিষয়ে কোন রকম আন্তরিক উদ্যোগ নিতে ব্যর্থ হয়েছে। এটা সত্য যে, এই সন্ত্রাসের জন্য ক্ষমতাসীন বিএনপি, বিরোধী দল আওয়ামী লীগ ও জামায়াতে ইসলামী সমভাবে দায়ী। কিন্তু সন্ত্রাস বন্ধের দায়ভার পরিপূর্ণভাবেই সরকারের। অন্যের ওপর দায় চাপিয়ে দিয়ে সরকার রেহাই পাবার কোন উপায় নেই বলে তিনি মত ব্যক্ত করেন।

জনাব মেনন সন্ত্রাসীদের সঙ্গে সম্পর্ক ত্যাগ করতে সরকারী ও বিরোধী দলের প্রতি আহবান জানান।